যুগান্তর

তারিখ 25 OCT 2016
পৃষ্ঠা ৮ কলাম ৮

# অভয়নগরে দুই ছাত্রীর মাথার ওপর পড়ল সিলিং ফ্যান

**অভয়নগর (যশোর) প্রতিনিধি**

অভয়নগর উপজেলার আল হেলাল ইসলামী একাডেমিতে পঞ্চম শ্রেণীর চূড়ান্ত মডেল টেস্ট পরীক্ষা চলাকালীন সময়ে ফ্যান খুলে পড়ায় দুই শিক্ষার্থী গুরুতর আহত হয়েছে। আহতদের মধ্যে একজনের অবস্থা আশংকাজনক। আহতদের অভয়নগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। প্রত্যক্ষদর্শী পরীক্ষার্থীরা জানায়, সোমবার সকালে আল হেলাল ইসলামী একাডেমি পরীক্ষা কেন্দ্রে পঞ্চম শ্রেণীর চূড়ান্ত মডেল টেস্ট পরীক্ষা চলাকালীন সময়ে উম্মে হাবিবা মিমের মাথার ওপর চালু অবস্থায় একটি সিলিং ফ্যান পড়ে এবং পাশে থাকা অপর পরীক্ষার্থী তাসলিমা আক্তারের শরীরের ওপর ওই ফ্যানের পাখার একটি অংশও খুলে পড়ে। ফলে ওই দুই পরীক্ষার্থী গুরুতর আঘাতপ্রাপ্ত হয়।

আপত্তিকর প্রস্তাবে সাড়া না দেয়া

# জামালগঞ্জে পরীক্ষার হল থেকে ছাত্রীকে বের করে দিলেন শিক্ষক

**তাহিরপুর ও জামালগঞ্জ প্রতিনিধি**

সুনামগঞ্জের জামালগঞ্জে শিক্ষকের আপত্তিকর প্রস্তাবে সাড়া না দেয়ার জেরে এসএসসির প্রস্তুতিমূলক পরীক্ষায় হল থেকে বের করে দেয়া হয় স্কুলের মেধাবী (রোল-১) ছাত্রীকে। এর আগে সালিশ বৈঠকে ওই ছাত্রীর চাচাকে পিটিয়ে আহত করা হয়। তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। উপজেলার ঝুনু মিয়া উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোস্তফা রকিব ভূঁইয়ার বিরুদ্ধে এমন অভিযোগ উঠেছে। সোমবার এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসারের কাছে অভিযোগ করে ভুক্তভোগী ওই ছাত্রী ও তার পরিবার।

অভিযোগ সূত্রে জানা যায়, সহকারী শিক্ষক মোস্তফা এতিম ওই মেধাবী ছাত্রীকে দীর্ঘদিন ধরেই যৌন হয়রানি করে আসছিলেন। একপর্যায়ে এসএসসির প্রস্তুতিমূলক পরীক্ষায় অংশ নেয় ওই ছাত্রী। এ সময় শিক্ষকের আপত্তিকর প্রস্তাবে সাড়া না দেয়ায় ইংরেজি পরীক্ষা চলাকালীন অহেতুক ওই শিক্ষক তার খাতায় ক্রস চিহ্ন এঁকে দেন। বিষয়টি বিদ্যালয়ের প্রতিষ্ঠাতাকে অবহিত করা হলে তিনি শুক্রবার বিকালে স্কুল মাঠে এ নিয়ে সালিশ বৈঠকে বসেন। এ সময় স্কুলের শিক্ষার্থী, শিক্ষক এবং খোদ উপজেলা চেয়ারম্যানের সামনে অভিযুক্ত স্কুলশিক্ষক ও চেয়ারম্যানের লোকজন ছাত্রীর চাচা আশরাফ হোসেন রুপনকে বেধড়ক পিটিয়ে আহত করে।